TIMES SPORT

THE TIMES OF INDIA, KOLKATA
TUESDAY, JULY 14, 2020

# I-League likely, even without foreigners

Times News Network

**Kolkata:** Single venue, matches behind closed doors and absence of foreigners:. These are some of the possibilities this season's I-League is staring at as the All India Football Federation plans to go ahead with the competition against the backdrop of the ongoing pandemic.

All international flights have remained suspended since March. While foreigners add a much-needed star value to the competition, AIFF general secretary Kushal Das has made it clear that the federation will go ahead with the league if it gets the government go-ahead.

"Even if the foreigners can't come, the league is expected to happen," he said. "A final decision is yet to be taken," he added.

With the AIFF looking to hold the entire league in a single city, Kolkata has emerged as a possible candidate "It will be difficult for teams to travel. As a result, it may be a curtailed league with a single venue hosting it. The ISL won't be possible at the Salt Lake Stadium this time because of the women's under-17 World Cup preparations. So, Kolkata can be an option by default (for hosting all I-League matches)," admitted Das during a webinar, organised by Bengal Chamber of Commerce and Industries.

With the AFC having proposed revised dates for India's remaining rounds of World Cup and Asian Cup qualifiers, Igor Stimac's side is slated to host Qatar on October 8. "We are looking for a possible camp in Bhubanswar, maybe in the third week of August. We are waiting for a response from the Odisha government," Das said. The AIFF official also hoped that an Indian coach might be in charge of the senior team soon.

বর্তমান
১৪ জুলাই ২০২০ মঙ্গলবার ৩০ আষাঢ় ১৪২৭

# আইএসএলের সব ম্যাচ হতে পারে গোয়ায়, আই লিগ কলকাতায়

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** আসন্ন মরশুমে আইএসএলের সব ম্যাচ হওয়ার উজ্জ্বল সম্ভাবনা রয়েছে গোয়ায়। ঠিক তেমনই কলকাতায় আয়োজিত হবে আই লিগের যাবতীয় খেলা। কলকাতায় মহিলা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপের জন্য যুবভারতী ক্রীড়াঙ্গন পাওয়া যাবে না। তাই আইএসএলের কোনও ম্যাচই কল্লোলিনী তিলোত্তমায় আয়োজন করার সুযোগ নেই। সোমবার এক লাইভ ওয়েব সেমিনারে অংশ নিয়ে এমনটাই জানালেন ফেডারেশন সচিব কুশল দাস। একইসঙ্গে তিনি বলেন, 'বিদেশি ফুটবলারদের লিগে অংশ নেওয়ার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের গাইডলাইনই শেষ কথা। যদি অনুমতি না মেলে, সেক্ষেত্রে বিদেশি ছাড়াই দু'টি লিগ হবে।'

অক্টোবরে ঘরের মাঠে কাতারের বিরুদ্ধে বিশ্বকাপ যোগ্যতা অর্জন পর্বের ম্যাচ খেলবেন সুনীলরা। তার আগে অন্তত আট সপ্তাহের প্রস্তুতি ক্যাম্প করতে চান কোচ ইগর স্টিমাচ। যদিও ফেডারেশন সচিব সাফ জানিয়ে দিয়েছেন, ম্যাচ ভুবনেশ্বরে, তাই ক্যাম্পও ওখানেই হবে। তার জন্য ওড়িশা সরকারের সঙ্গে যোগাযোগও করা হয়েছে। তবে এখনও তাদের পক্ষ থেকে কোনওরকম উত্তর মেলেনি।

এদিকে, শেষ কয়েক বছরে ভারতীয় জাতীয় দলে বিদেশি কোচেরা দাপট দেখিয়েছেন। বব হাউটন, স্টিফেন কনস্ট্যানটাইন থেকে বর্তমানে ইগর স্টিমাচ, বাববার বিদেশি কোচেদের উপরই ভরসা দেখিয়েছেন ফেডারেশন কর্তারা। তবে আগামী পাঁচ বছরের মধ্যে এই চিত্র বদলানোই লক্ষ্য ফেডারেশন সচিব কুশল দাসের। প্রসঙ্গক্রমে তিনি বলেন, 'বর্তমানে আমাদের দেশে বেশ কয়েকজন উদীয়মান কোচ রয়েছেন। তাঁদের নেদারল্যান্ডস কিংবা জার্মানিতে পাঠিয়ে উপযুক্ত প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা রয়েছে। ভবিষ্যতে জাতীয় দলের দায়িত্ব তাঁরা পেতেই পারেন।'

একইসঙ্গে মহিলা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপের প্রস্তুতির জন্য ভারতীয় দলের ক্যাম্প গোয়া কিংবা ঝাড়খণ্ডে করার ভাবনা চিন্তা করছে ফেডারেশন।

## 'শর্ত পূরণ করলে সেরা লিগে খেলতেই পারে ইস্ট বেঙ্গল'

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** এএফসি লাইসেন্সের প্রক্রিয়া আর কয়েকদিনের মধ্যেই শুরু হয়ে যাবে। মঙ্গল বা বুধবারের মধ্যে এএফসি'র সদর দপ্তর থেকে ২০২০-২১ মরশুমের লাইসেন্সিংয়ের ফর্ম এসে পৌঁছবে দিল্লির ফুটবল হাউসে। সোমবার এক আলোচনাচক্রে বক্তব্য রাখতে গিয়ে ফেডারেশন সচিব কুশল দাস সোমবার জানান, 'ইস্ট বেঙ্গলের আইএসএলে খেলার পথ এখনও খোলা। স্রেফ যাবতীয় শর্ত পূরণ করতে হবে। ১৫ জুলাই দেশে লাইসেন্সিং প্রক্রিয়া শুরু হলেও ধাপে ধাপে সব শর্ত পূরণ করলে পারলে লাল-হলুদ ব্রিগেডকে আইএসএলে খেলতে দেখা যেতেই পারে।' উল্লেখ্য, এই প্রক্রিয়া চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এর সঙ্গে যুক্ত ফুটবল হাউসের আর এক শীর্ষ আধিকারিক বললেন, 'লাইসেন্সিংয়ের জন্য আবেদন করার জন্য শেষ দিন বলে কিছু নেই।' যা ইস্ট বেঙ্গলের কাছে স্বস্তির খবর। তবে শুক্রবার লেটার অব টার্মিনেশনের ব্যাপারে ইস্ট বেঙ্গল পাল্টা ড্রাফট পাঠালেও সোমবার সন্ধ্যা সাতটা পর্যন্ত ইতিবাচক কিছু হয়নি।

এদিকে, ইস্ট বেঙ্গলের এক শীর্ষকর্তা জানালেন, ' করোনার প্রকোপের মধ্যে ভারতগৌরব বা জীবনকৃতির মতো সম্মান দেওয়া এবার হচ্ছে না। পরিবর্তে উম-পুন বিধ্বস্ত মানুষের পাশে আমরা দাঁড়াতে চাইছি। ১ আগস্ট ১০১তম প্রতিষ্ঠা বার্ষিকীতে সকালে ক্লাব তাঁবুতে পতাকা উত্তোলন ও কেক কাটা হবে।'

এই সময়
সংবাদপত্র
এই সময় কলকাতা মঙ্গলবার ১৪ জুলাই ২০২০

# বিদেশি না এলেও হবে আইএসএল

**এই সময়:** কোভিড পরিস্থিতির উন্নতি হওয়া তো দূর অস্ত, দিনের পর দিন খারাপ হচ্ছে সারা ভারত জুড়ে। তার মধ্যেই কিন্তু নতুন ফুটবল মরসুমের দামামা বাজিয়ে দিলেন এআইএফএফ সচিব কুশল দাস।

সোমবার বেঙ্গল চেম্বার অফ কমার্সের ওয়েবিনারে ফেডারেশনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সুব্রত দত্তের সঙ্গে হাজির ছিলেন কুশল দাস। সেখানেই তিনি বলেন, 'আমরা অগস্টের শুরুতেই অনূর্ধ্ব ১৭ মেয়েদের জাতীয় শিবির শুরু করতে চাইছি। তারপর সিনিয়র ছেলেদের জাতীয় শিবির।' কোথায় হবে এই দুই শিবির? কুশলের জবাব, 'মেয়েদের শিবির হওয়ার বেশি সম্ভাবনা ঝাড়খণ্ডে। সেখানকার মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন নিজে এই শিবির করতে আগ্রহ দেখিয়েছেন। কারণ ভারতীয় শিবিরে ৮-১০জন ঝাড়খণ্ডের মেয়ে রয়েছে। আমরা এই শিবির গোয়ায় করার জন্যও সেখানকার সরকারের সঙ্গে আলোচনা করছি।' প্রি ওয়ার্ল্ড কাপে ভারতের ম্যাচ রয়েছে অক্টোবর-নভেম্বরে কাতার ও আফগানিস্তানের সঙ্গে। তাই এ জন্য সিনিয়র ভারতীয় টিমের শিবির ভুবনেশ্বরে হওয়ার কথা। কুশল জানিয়েছেন, পরিস্থিতি খুব খারাপ হলে পরের বছর মেয়েদের বিশ্বকাপ হবে ফাঁকা গ্যালারিতে। তাঁর কথায়, 'এ বছর করোনার জন্য বিশ্বকাপ পিছিয়ে পরের বছর ফেব্রুয়ারিতে তা করবে ফিফা। যদি অবস্থা ভালো না হয়, তাহলে বিশ্বকাপের ম্যাচও ক্লোজড ডোরে হবে।'

সেপ্টেম্বরের মাঝামাঝি ফেডারেশন নতুন মরসুম শুরু করতে চাইছে দ্বিতীয় ডিভিশন আই লিগ দিয়ে। সচিব পরিষ্কার জানিয়ে দিয়েছেন, দ্বিতীয় ডিভিশন আই লিগ, আইএসএস এ বার সবকিছুই করা হবে। তবে তা হয়তো ফর্ম্যাট বদলে। তাঁর কথায়, 'কোভিডের জন্য যদি ভারত সরকার দেশে বিদেশি খেলানোর অনুমতি না দেয়, তাহলেও আমরা টুর্নামেন্ট চালু রাখব। সে ক্ষেত্রে স্থানীয় ফুটবলারদের নিয়েই খেলতে হবে টিমগুলোকে।' আই লিগ ও আইএসএল এ বার সিঙ্গল লিগ হওয়ারই সম্ভাবনা। তার জন্য একটি ভেন্যুকেই বেছে নেওয়ার ভাবনা ফেডারেশনের। আইএসএলের সব ম্যাচই হতে পারে গোয়ায়। আই লিগ হওয়ার সম্ভাবনা কলকাতায়। তবে এখনও এ ব্যাপারে কোনও কিছুই চূড়ান্ত হয়নি বলে জানিয়েছেন কুশল।

Media coverage:

Internationally carried on:

- https://uk.sports.yahoo.com/news/kushal-das-better-east-bengal-123546700.html
- https://myhotnewspk.com/160853/aiff-provides-an-essential-replace-on-womens-u-17-world-cup/

Online Coverage:

- https://www.goal.com/en/news/kushal-das-aiff-indian-football-percolate-states-7-pillars/ocldqzgfhawd16r0gipdkexqb
- https://www.hindustantimes.com/football/women-s-u-17-world-cup-will-be-held-behind-closed-doors-in-worst-case-scenario-aiff/story-x9ukevjOFmM65WlscFishN.html
- https://www.thewall.in/news-sports-isl-will-be-played-in-goa-and-i-league-in-kolkata-says-aiff-secretary-kushal-das/
- https://sportstar-thehindu-com.cdn.ampproject.org/v/s/sportstar.thehindu.com/football/indian-football/indian-football-i-league-2020-21-aiff-foreign-players-covid-19-restrictions-india-kushal-das/article32069575.ece/amp/?amp_js_v=a3&amp_gsa=1&usqp=mq331AQFKAGwASA%3D#aoh=15946542324975&referrer=https%3A%2F%2Fwww.google.com&amp_tf=From%20%251%24s&ampshare=https%3A%2F%2Fsportstar.thehindu.com%2Ffootball%2Findian-football%2Findian-football-i-league-2020-21-aiff-foreign-players-covid-19-restrictions-india-kushal-das%2Farticle32069575.ece
- https://www.the-aiff.com/article/atk-mb-is-a-very-significant-merger-for-both-clubs-kushal-das
- http://businessworld.in/article/AIFF-s-Kushal-Das-terms-ATK-MB-merger-as-very-significant-for-both-clubs-/13-07-2020-297016
- https://www.sentinelassam.com/sports-news/alex-marquez-extends-contract-with-repsol-honda-team-until-2022-488751?infinitescroll=1
- https://m.timesofindia.com/sports/football/indian-super-league/top-stories/aiffs-kushal-das-terms-atk-mb-merger-as-very-significant-for-both-clubs/articleshow/76944939.cms
- https://www.newindianexpress.com/sport/football/2020/jul/13/fifa-womens-u-17-world-cup-will-be-held-behind-closed-doors-in-worst-case-scenario-aiff-2169229.html
- https://scroll.in/field/967405/coronavirus-i-league-without-foreigners-isl-in-goa-are-likely-options-says-aiff-general-secretary
- https://www.rediff.com/sports/report/covid-19-i-league-must-go-on-says-aiff-gen-secretary/20200713.htm
- https://sportslounge.co.in/east-bengal-should-enter-isl-with-proper-structure-says-aiff-secy-das/
- https://newstree.co.in/sport-news/ilig-will-happen-even-without-foreign-players-kushal-das/
- https://www.24globenews.com/index.php/2020/07/13/i-league-should-go-on-even-when-international-gamers-are-unavailable-das/

- https://pressfrom.info/uk/news/sport/-449633-kushal-das-it-is-better-for-east-bengal-to-wait-for-a-year-and-then-join-isl.html
- http://www.uniindia.com/~/men-s-world-cup-2022-qualifier-camp-to-be-held-in-bhubaneswar/Sports/news/2078330.html
- https://www.latestly.com/agency-news/sports-news-aiffs-kushal-das-terms-atk-mb-merger-as-very-significant-for-both-clubs-1887090.html
- https://thebridge.in/football/womens-u-17-world-cup-will-held-behind-closed-doors-worst-case-scenario-aiff/
- https://www.sportzpower.com/node/9737
- https://www.outlookindia.com/newsscroll/ileague-must-go-on-even-if-covid-restrictions-come-in-way-of-foreigners-das/1894364
- https://odishatv.in/sports/fifa-u-17-womens-world-cup-to-be-held-behind-closed-doors-aiff-461948
- https://www.devdiscourse.com/article/sports-games/1128004-i-league-must-go-on-even-if-covid-restrictions-come-in-way-of-foreigners-das
- https://newsdig.in/news/806473891n/Womens-U-17-World-Cup-will-be-held-behind-closed-doors-in-worst-case-scenario-AIFF
- https://news.knowledia.com/IN/en/articles/women-s-u-17-world-cup-will-be-held-behind-closed-doors-in-worst-case-3543f82dd8d8b19743cadc55d3a27976139bea30
- https://theunionjournal.com/kushal-das-it-is-better-for-east-bengal-to-wait-for-a-year-and-then-join-isl/
- https://thefactnews.in/aiffs-kushal-das-terms-atk-mb-merger-as-very-significant-for-both-clubs/
- timesofindia.indiatimes.com/sports/football/indian-super-league/top-stories/aiffs-kushal-das-terms-atk-mb-merger-as-very-significant-for-both-clubs/articleshow/76944939.cms
- https://www.indiatvnews.com/sports/football-i-league-must-go-on-even-if-covid-restrictions-come-in-way-of-foreigners-says-aiff-s-kushal-das-633933
- https://in.news.yahoo.com/kushal-das-aiff-talks-jharkhand-130302126.html
- https://theunionjournal.com/kushal-das-it-is-better-for-east-bengal-to-wait-for-a-year-and-then-join-isl/
- https://www.sify.com/sports/aiffs-kushal-das-terms-atk-mb-merger-as-very-significant-for-both-clubs-news-football-uhnqfhcjaadie.html
- http://fullsports.info/kushal-das-indian-football-needs-40-45-matches-across-all-levels/
- https://www.espn.in/football/indian-super-league/story/4135732/no-fans-games-at-single-venue-for-isl-and-i-league-in-tentative-november-restart
- https://www.197.news/2020/07/i-league-will-go-ahead-even-if-foreign-players-cant-participate-says-aiff-general-secretary-kushal-das/
- https://thesundaystreet.com/i-league-must-go-on-even-if-covid-restrictions-come-in-way-of-foreigners-says-aiffs-kushal-das/
- http://whatsaup.in/isl-likely-to-be-in-goa-i-league-in-kolkata-aiff-football-news/
- https://in.dafanews.com/football/aiff-interested-in-having-national-team-camps-in-jharkhand-and-odisha-12209.html
- https://techkashif.com/isl-likely-to-be-in-goa-i-league-in-kolkata-aiff-football-news-times-of-india/

प्रभात खबर
कोलकाता, मंगलवार
14.07.2020
09

# आइएसएल व आइलीग का आयोजन नवंबर में संभव

**कोलकाता.** ऑल इंडिया फुटबॉल फेडेरेशन(एआइएफएफ) के महासचिव कुशल दास ने कहा कि एआइएफएफ की योजना आइएसएल व आइलीग को गोवा या कोलकाता में नवंबर में आयोजित करने की है. इसकी वज़ह है कि इन दोनों शहरों में कई स्टेडियम हैं. उन्होंने कहा कि संभव है कि मैच बिना दर्शकों के खेले जायें क्योंकि फेडेरेशन के लिए खिलाड़ियों की सुरक्षा सबसे अधिक मायने रखती है. द बंगाल चेंबर ऑफ कॉमर्स एंड इंडस्ट्री की ओर से आयोजित ऑनलाइन सत्र में कोविड के बाद भारतीय फुटबॉल के परिदृश्य पर चर्चा हुई. चेंबर के स्पोर्ट्स कमेटी के चेयरपर्सन सुब्रत दत्ता ने कहा कि देश की जनता फुटबॉल के भविष्य को जानने की इच्छुक है.

मंगलवार, 14 जुलाई 2020

समीक्षा स्पोर्ट्स

# विदेशी खिलाड़ियों के बिना भी आईलीग होगी: दास

**नयी दिल्ली:** अखिल भारतीय फुटबॉल महासंघ (एआईएफएफ) की योजना 2020-21 आईलीग सत्र के आयोजन की है, फिर भले ही क्लबों के स्टार विदेशी खिलाड़ी कोरोना वायरस के चलते यात्रा पाबंदियों के कारण इस टूर्नामेंट में हिस्सा नहीं ले पाएं। कोविड-19 महामारी के कारण मार्च से अंतरराष्ट्रीय उड़ानें निलंबित हैं। बंगाल चैंबर आफ कॉमर्स एंड इंडस्ट्रीज द्वारा सोमवार को आयोजित वेबिनार में एआईएफएफ महासचिव कुशाल दास ने कहा, 'लीग का आयोजन जरूर होना चाहिए फिर चाहे यह विदेशी खिलाड़ियों के बिना हो। लेकिन लीग समिति के अध्यक्ष सुब्रत दत्ता सहित अन्य लोग भी हैं (जिनका समान विचार होने की जरूर है)।' दास ने कहा कि सीनियर राष्ट्रीय टीम के पास अगले पांच साल में मुख्य कोच के रूप में एक भारतीय होगा। उन्होंने कहा, 'हम अगले पांच साल में सीनियर राष्ट्रीय टीम के लिए भारतीय कोच ढूंढने पर विचार कर रहे हैं।' दास ने कहा, 'अब काफी कोच मौजूद हैं, बिबियानो फर्नांडिस उनमें से एक हैं। वैंकी



(शानमुगम वेंकटेश) जैसे लोग भी हैं जो काफी तेजी से परिपक्व हो रहे हैं।' पूर्व भारतीय खिलाड़ी वेंकटेश अभी सीनियर राष्ट्रीय टीम के मुख्य कोच इगोर स्टिमक के सहायक की भूमिका निभा रहे हैं जबकि बिबियानो अंडर-16 टीम के कोच हैं। दास ने कहा, ' हम 10-12 कोचों के दल को नीदरलैंड और जर्मनी भेजने की योजना भी बना रहे हैं। यह इस साल से शुरू होना था लेकिन अब अगले साल से होगा।' दास ने कहा कि मौजूदा हालात को देखते हुए इंडियन सुपर लीग (आईएसएल) गोवा में हो सकता है क्योंकि हितधारक कई स्टेडियम वाले स्थल पर गौर कर रहे हैं और फुटबॉल का दीवाना राज्य गोवा इस पात्रता पर खरा उतरता है। कोलकाता को आईलीग के सभी मैचों की मेजबानी दी जा सकती है क्योंकि महिला अंडर-17 विश्व कप के लिए नवीनीकरण के कार्य के कारण सॉल्ट लेक स्टेडियम में आईएसएल का आयोजन नहीं हो सकता। आईएसएल में मोहन बागान और एटीके के विलय की सराहना करते हुए दास ने उम्मीद जताई कि ईस्ट बंगाल भी जल्द ही फ्रेंचाइजी आधारित इस प्रतियोगिता से जुड़ेगा। उन्होंने साथ ही भरोसा जताया कि भारत जल्द ही युवा विश्व कप के लिए अपने दम पर क्वालीफाई करेगा। टीम इससे पहले 2017 पुरुष अंडर-17 विश्व कप में मेजबान के तौर पर खेली थी और अगले महिला अंडर-17 विश्व कप में भी मेजबान देश के रूप में खेलने की तैयारी कर रही है।

প্রতিদিন

সংবাদ প্রতিদিন, মঙ্গলবার ১৪ জুলাই ২০২০


# আর্থিক স্বাচ্ছন্দ্য পেয়ে ইস্টবেঙ্গল আইএসএল খেলুক কুশল

**স্টাফ রিপোর্টার :** "তাড়াহুড়োর কী আছে? ইস্টবেঙ্গল আইএসএল খেলুক আমরাও চাই। এবছর যদি নিয়ম-কানুন পালন করতে অক্ষম হয় তাহলে পরের বছর খেলবে। আসলে আমি চাই আর্থিক সাচ্ছন্দ পাওয়ার পর ইস্টবেঙ্গল আইএসএল খেলুক" বেঙ্গল চেম্বার অব কমার্সের উদ্যোগে এক ওয়েবিনার-এ একথা বলেন ফুটবল ফেডারেশনের সচিব কুশল দাস। এই বক্তব্যে কুশল বোঝালেন এবছর ইস্টবেঙ্গলের আইএসএল খেলা নিয়ে তিনিও সংশয়ে। ফেডারেশন সচিব জানিয়ে দিয়েছেন, আগামী পাঁচ বছরের মধ্যে জাতীয় কোচ হিসাবে একজন ভারতীয়কে দেখতে চান।



কুশল দাস

"আমরা বেশ কিছু কোচকে নির্বাচন করে জার্মানি বা নেদারল্যান্ডে পাঠাব। তাঁরা সেখান থেকে কোচিং নিয়ে এসে ভারতীয় ফুটবলকে সমৃদ্ধ করবেন।" জানান কুশল। এবছর আইএসএল গোয়ায় ও আই লিগ কলকাতায় হবে। ওয়েবিনারে ছিলেন ফেডারেশনের সহ-সভাপতি সুব্রত দত্ত। তাঁর মতে, "তৃণমূল স্তরে ফুটবলার তুলে আনার যাবতীয় চেষ্টা চালানো হচ্ছে। জুনিয়র আই লিগ খেলে ২০২ দল। বেবি লিগ খেলে প্রায় চার হাজার দল। আশা করছি, এবার আমরা নিজেদের যোগ্যতায় জুনিয়র বিশ্বকাপ খেলতে পারব।" মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সেন্টার অব এক্সেলেন্সের জন্য ১৫ একর জমি দেওয়ায় ধন্যবাদ জানান সুব্রত।


Chief Patron
JIS GROUP
Educational Initiatives
BCC&I
THE BENGAL CHAMBER
An Online Panel Discussion on
FUTURE OF INDIAN FOOTBALL POST COVID-19 SCENARIO
3 PM Onwards
Monday, 13th July, 2020
Please connect 10 minutes prior to the mentioned time.
Welcome Address
Mr. Subrata Dutta
Chairperson, Sports Committee, BCC&I and Sr. Vice President, AIFF
Keynote Speaker
Mr. Kushal Das
General Secretary, AIFF
Session Moderator
Mr. Dhiman Sarkar
Eminent Sports Journalist

Nabamita


The Telegraph

TUESDAY 14 JULY 2020 VOL. XXXIX NO. 8

## I-League plans

**CALCUTTA:** The All India Football Federation (AIFF) plans to go ahead with the 2020-21 I-League season even if the clubs' foreign recruits are unable to make it due to travel restrictions.

"The league must go on even if without foreigners," AIFF general secretary Kushal Das said during a webinar on Monday. Our Bureau

আজকাল
AAJKAAL KOLKATA TUESDAY 14 JULY 2020

# জাতীয় দলে দেশীয় কোচ লক্ষ্য ফেডারেশনের

**আজকালের প্রতিবেদন**

পাঁচ বছরের মধ্যে জাতীয় সিনিয়র ফুটবল দলের কোচের দায়িত্ব ভারতীয়দের ওপর দেওয়াই লক্ষ্য। সোমবার বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ আয়োজিত ওয়েবিনারে জানান ফেডারেশন সচিব কুশল দাস।

করোনা–উত্তর ভারতীয় ফুটবলের ভবিষ্যৎ কী, এই বিষয়ের ওপর আলোচনায় আয়োজক সংস্থার চেয়ারম্যান, ফেডারেশনের সহ–সভাপতি সুব্রত দত্ত উদ্বোধনী ভাষণ দেন। কুশল দাস বলেন, 'ভারতীয় ফুটবলের উন্নতির জন্য বিভিন্ন পরিকল্পনার মধ্যে ভারতীয় কোচদের বেশি করে কাজে লাগানোর একটা ভাবনা রয়েছে। ইতিমধ্যেই বিবিয়ানো ফার্নান্ডেজ অনূর্ধ্ব–১৬ দলকে নিয়ে ভাল কাজ করছে। ভেঙ্কটেশ ইন্ডিয়ান অ্যারোজ দলের চিফ কোচ। ভারতীয় সিনিয়র দলে সহকারী হিসেবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। আরও অনেক অভিজ্ঞ ভারতীয় কোচ রয়েছেন। আমি ক্লাবেদের ওপর জোর খাটাতে পারব না, কিন্তু পাঁচ বছরের মধ্যে জাতীয় সিনিয়র দলের দায়িত্ব ভারতীয় কোচের হাতে তুলে দিতে পারার লক্ষ্য নিয়ে এগোব।'



কুশল দাস

কুশল আরও বলেন, 'সরকারি বিধিনিষেধ, কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রকের অনুমতির ওপর নির্ভর করছে আগস্টের মাঝামাঝি বা শেষ থেকে ভুবনেশ্বরে জাতীয় সিনিয়র ফুটবল দলের প্রি–ওয়ার্ল্ড কাপের প্রস্তুতি শিবির সম্ভব কিনা। অনূর্ধ্ব–১৭ মহিলা বিশ্বকাপের জন্য ভারতীয় দলের প্রস্তুতি শিবির গোয়ায় আগস্টে শুরু করা যায় কিনা তা নিয়ে ভাবনা–চিন্তা চলছে।'

ইস্টবেঙ্গল এবার আইএসএল খেলতে পারবে কিনা এই প্রশ্নে কুশল বলেন, 'আমরা তো চাই ইস্টবেঙ্গল আইএসএল খেলুক। কিন্তু ওরা তো এখনও নিজেদের অভ্যন্তরীণ সমস্যা মেটাতে পারেনি। সেটা হলে এফএসডিএলের সঙ্গে বসে একটা বড়সড় প্রক্রিয়া সারতে হবে আইএসএল খেলতে হলে। যদি এবার পারে ভাল, নইলে পরের বছর ভালভাবে তৈরি হয়ে আইএসএল খেলবে। এবার না খেললে তো মাথায় আকাশ ভেঙে পড়বে না।' বাংলায় রেফারি অ্যাকাডেমি গড়ার জন্য আইএফএ সচিব জয়দীপ মুখার্জির প্রশংসা করেন কুশল।